

# এইচএসসির ফল প্রকাশ হতে পারে ১৬ অক্টোবর



ফাইল ছবি

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ০৯ অক্টোবর ২০২৫ | ১৭:৩৯

(-) (অ) (+)

চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষার ফলাফল আগামী ১৬ অক্টোবর প্রকাশ করা হতে পারে। ফল প্রকাশের এ তারিখ চূড়ান্ত করে শিক্ষা মন্ত্রণালয়ে প্রস্তাব পাঠাবে বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি। মন্ত্রণালয়ের অনুমোদন মিললেই ওই দিনই ফলাফল প্রকাশ করা হবে।

বৃহস্পতিবার দুপুরে ১১টি শিক্ষা বোর্ডের চেয়ারম্যানদের যৌথ বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানা গেছে।

এক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান নাম প্রকাশ না করার শর্তে সমকালকে জানান, 'বৈঠকে ১৬ অক্টোবর ফল প্রকাশের বিষয়ে সিদ্ধান্ত হয়েছে। এখন আন্তঃশিক্ষা বোর্ডের পক্ষ থেকে মন্ত্রণালয়ে প্রস্তাব পাঠানো হবে। অনুমোদন পেলে ওই দিনই ফল প্রকাশ করা হবে।'

ঢাকা শিক্ষা বোর্ডের একজন কর্মকর্তা জানান, নিয়মানুযায়ী ১৮ অক্টোবরের মধ্যে ফল প্রকাশ করতে হবে। কিন্তু ১৭ ও ১৮ অক্টোবর শুক্র ও শনিবার- দুই দিনই সাংগৃহিক ছুটি থাকায় ১৬ অক্টোবরের মধ্যেই ফল প্রকাশের সিদ্ধান্ত নেওয়া হতে পারে।

তিনি আরও জানান, ফল প্রস্তুতের কাজ প্রায় শেষ হয়েছে। বোর্ড চেয়ারম্যানদের বৈঠকে কয়েকটি তারিখ প্রস্তাব করা হবে, যার মধ্যে একটি তারিখ মন্ত্রণালয় চূড়ান্ত করবে।

চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু হয়েছিল ২৬ জুন এবং শেষ হয় ১৯ আগস্ট। কয়েকটি বিষয় স্থগিত হওয়ায় নির্ধারিত সময়ের কিছুটা পর পরীক্ষা শেষ হয়। নিয়ম অনুযায়ী, লিখিত পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিনের মধ্যে ফলাফল প্রকাশ করতে হয়।

এ বছর ১১টি শিক্ষা বোর্ডের অধীনে ১২ লাখ ৫১ হাজার ১১১ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিতে ফরম পূরণ করেছিলেন। এর মধ্যে ৬ লাখ ১৮ হাজার ১৫ জন ছাত্র ও ৬ লাখ ৩৩ হাজার ৯৬ জন ছাত্রী। সারাদেশে মোট ২ হাজার ৭৯৭টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হয়।

তবে প্রায় ২৭ হাজার শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেননি। ফলে ফলাফলের অপেক্ষায় রয়েছেন প্রায় সোয়া ১২ লাখ পরীক্ষার্থী।